দৈনিক বাংলা

তারিখ ... 7।5।85 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 1 ...

025

# প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন

মানিকগঞ্জ মহকুমায় ৩০ লক্ষাধিক টাকা ব্যয়ে ৩১টি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কাজ শুরু হয়েছে। এ সংক্রান্ত এক খবরে বলা হয়েছে, এর মধ্যে ৯টি স্কুল পুনর্নির্মাণ করা হবে। চলতি অর্থ বছরের মধ্যে এ কাজ সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন এবং পুনর্নির্মাণের প্রয়োজনীয়তা ও গুরুত্ব বিশ্লেষণের অপেক্ষা রাখে না। আমাদের দেশের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়েরই প্রয়োজনীয় ও উপযুক্ত গৃহ নেই, এবং অনেকগুলিরই দীনদশা। অথচ সুষ্ঠু পরিবেশ ও উপযুক্ত স্কুল গৃহ শিক্ষক ও শিক্ষার্থীদের সুবিধা এবং শিক্ষার স্বার্থেই অপরিহার্য।

প্রাথমিক শিক্ষা শিক্ষা জীবনের মূল ভিত্তি এবং এর ওপরই গড়ে ওঠে ভবিষ্যতের শিক্ষা জীবন। বাস্তব কারণেই সরকার প্রাথমিক শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণের ওপর বিশেষ জোর দিয়েছেন। প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন, মেরামত ও পুনর্নির্মাণেরও বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন, মেরামত ও পুনর্নির্মাণের কাজ সম্পন্ন হলে দেশে শিক্ষা বিস্তারের পক্ষেই হবে সহায়ক: এই কাজ নির্ধারিত সময়ে এবং সুষ্ঠুভাবেই সম্পন্ন করতে হবে— যাতে গৃহ দীর্ঘস্থায়ী হয় এবং প্রাকৃতিক দুর্যোগের ধকল সইতে পারে। আমরা আশা করবো, মানিকগঞ্জে প্রাইমারী বিদ্যালয়ের উন্নয়নের ক্ষেত্রেও এদিকে বিশেষ লক্ষ্য রাখা হবে।